



# বণিক বাজী

বণিক বাজী, ০৯-১১-২০২৪, পৃষ্ঠা- অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'ন্যাশনাল রোবো ফেস্ট' অনুষ্ঠিত



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নেতৃত্ব দিয়েছে 'ন্যাশনাল রোবো ফেস্ট ২০২৪' উদ্বোধন করা হয়। (৯/১১/২৪) ফটো: সৌম্য সরকার

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের রোবোটিক্স ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিত হয়েছে 'ন্যাশনাল রোবো ফেস্ট ২০২৪' প্রতিযোগিতা। দেশের ১৫টি শিক্ষা প্রতিষ্ঠানের ৫২৬টি দলের ২ হাজারেরও বেশি শিক্ষার্থী এবারের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

৭-৯ নভেম্বর পর্যন্ত ঢাকার আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তিন দিনব্যাপী এ উৎসব চলে। এবারের রোবো ফেস্টের প্রধান আয়োজনগুলোর মধ্যে ছিল: রোবোমিগ হিরো রোবোটিক্স ন্যাশনাল হাটসেফ, ন্যাশনাল সাবেজ হাটস অর্গেট অলিম্পিয়াড, রোবোটিক্স শেডুলেস, রোবট এক্সিবিশন, ক্যাশচার দ্য ড্রাগ, কেস সলভিং এবং শিল্পে টেকসই একটি ০.০' নিয়ে পোলটেকিল আলোচনা। সেই সঙ্গে ছিল শিক্ষার্থীদের জন্য উত্তেজনাপূর্ণ বিভিন্ন গেমিং লব্ধ যেমন স্পোর্টস রাইডারস, লাইন অফ রোবো গ্যালেঞ্জ, রোবো সবার ইত্যাদি।

ন্যাশনাল রোবো ফেস্টের অনুষ্ঠানে অতিথি হিসেবে যোগ দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, ট্রাস্টি বোর্ড সদস্য ড. খলিলুর রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. এম আশিক মোসাদ্দিক, গ্রাইম ব্যাংকের সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও প্রধান প্রযুক্তি কর্মকর্তা এ শুয়াই এম মোস্তফা, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের রোবোটিক্স ক্লাবের উপদেষ্টা অধ্যাপক ড. আহমেদ গুয়ানিক বেজাসহ আরো অনেকে। অতিথিরা তাদের বক্তব্যে বলেন, প্রথম শিল্প বিপ্লবের ফলে আমাদের অঞ্চলের মানুষ উদ্যোক্তা থেকে প্রত্যয় রূপান্তরিত হয়েছিল, বিকশিত হয়েছিল ইউরোপ কিন্তু পঞ্চম শিল্প বিপ্লবের আগেই আমাদের তৈরি হতে হবে যেন এবারে আমরা বিপ্লবের অগ্রভাগে থাকতে পারি। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের এ রোবোটিক্স প্রতিযোগিতা সে প্রস্তুতির জন্য বিশেষভাবে অবদান রাখবে বলে তারা প্রত্যাশা করেন। —বিজ্ঞপ্তি